দৈনিক ইত্তেফাক

তারিখ 0. 5. JUN 1987 ... ...
পৃষ্ঠা... .. ...1... কলাম...6.. ...

২২ শে জ্যৈষ্ঠ ১৩৯৪

038

# মুক্ত বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার বিষয় বিবেচনাধীন

—শিক্ষামন্ত্রী

বাসস জানায়, শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান বলেন যে, সরকার দেশে একটি মুক্ত বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার বিষয় বিবেচনা করিতেছেন। বাংলাদেশ দূরশিক্ষণ ইনিষ্টিটিউট (বাইড) আয়োজিত এক ঈদপুনর্মিলনী অনুষ্ঠানে গত বুধবার মন্ত্রী একথা বলেন। তিনি বলেন, প্রস্তাবিত মুক্ত বিশ্ববিদ্যালয় জনসাধারণ বিশেষ করিয়া পেশাজীবী ও চাকুরীজীবীদের জন্য উচ্চ শিক্ষার সুযোগ সৃষ্টি করিবে তিনি বলেন, এই বিশ্ববিদ্যালয়ে ছাত্রদের সারা বছর ক্লাসে

(৪র্থ পৃঃ দ্রঃ)

## মুক্ত বিশ্ববিদ্যালয়

(৩য় পৃঃ পর)

উপস্থিত হইতে হইবে না। তিনি বলেন, ভারত ও থাইল্যাণ্ডসহ বিভিন্ন দেশে এই ধরনের মুক্ত বিশ্ববিদ্যালয় চালু আছে। অনুষ্ঠানে পরিকল্পনা কমিশনের সদস্য কাজী ফজলুর রহমান এবং শিক্ষা সচিব বক্তৃতা দেন।